

মতুয়া সঙ্গীত

২৬

- ১। বাজে বাঁজ কাঁসি আর খোল করতাল,
শিঙ্গায় বলে বল হরিবল, হায়রে হায় ।
ও কেউ করে না করতালি মুখে হরি হরি বুলি,
বড় মধুর শুনতে পাই ॥
- ২। যখন সব যন্ত্রেতে উঠল ধ্বনি, হরি বল হরি বল
ধ্বনি শুনি--হায়রে হায় ।
ও কারো প্রেম রসেতে দু'নয়ন গলে, কেউ পড়েছে ধরাতলে,
প্রেমানন্দের সীমা নাই ॥
- ৩। লক্ষ তারার মধ্যে চাঁদ গগনে,
গোপাল বৃন্দাবনে, হায়রে হায় ।
গৌসাইর চৌদিকেতে ভক্তসাধু, পান করে হরিনামের মধু
নাম বড় মিঠাই ॥



ভাবাজ

৩২নং

তাল--কাওয়ালী

রাগিনী--বাগেশ্রী

- অ-তীর সংসার-মরু তপ্ত মোহ বালুকায়,
অপনা ভুলিয়ে জীবে সদা ঘোরে অন্ধ প্রায় ॥
- ১। মায়া-মরীচিকার পিছে, জীব ঘুরে মরে মিছে;
চোখে ধাঁ ধাঁ লেগে আছে, দেখে না নয়ন হায় ॥
- ২। মরণ-নিদাঘ করে, তপ্ত মরু আছে ঘিরে;
জীবে ব্যর্থ আশা করে, মরুকে এড়া'তে চায় ॥
- ৩। দণ্ডে দণ্ডে বাড়ে তৃষ্ণা, ঘোর সংসার লালসা;
শূন্য দৃষ্টি হারা দিশা, শুষ্ক কণ্ঠ পিপাসায় ॥